

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস

এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা মন্ত্রণালয়

E-mail: seqaep@bdcom.net

জরুরী বিজ্ঞপ্তি

অতিরিক্ত ক্লাস টিচার (এসিটি) কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য
ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে শিক্ষকের চাহিদা প্রেরণ

বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংক-এর যৌথ অর্থায়নে 'সেকেন্ডারী এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট' (সেকায়েপ) দেশের নির্বাচিত ২১৫টি উপজেলার প্রায় ১১,০০০ (এগার হাজার) মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হচ্ছে- মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের গুণগত মান নিশ্চিত করা। প্রকল্প হতে আরটি নিয়োগ করে এ পর্যন্ত ১৫ লক্ষাধিক অতিরিক্ত ক্লাস গ্রহণ করা হয়েছে। ফলে গ্রাম ও শহর অঞ্চলের শিক্ষার্থীদের শিক্ষার গুণগত মান ও পাসের হার বৃদ্ধি পেয়েছে। এরই ধারাবাহিকতায় ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে যে সকল প্রতিষ্ঠানে নিয়মিত শিক্ষক নেই সেসকল প্রতিষ্ঠানে উল্লিখিত বিষয়সমূহের জন্য প্রকল্প মেয়াদে (২০১৫-২০১৭) অতিরিক্ত ক্লাস টিচার (এসিটি) নিয়োগ/পদায়ন করা হবে। এসিটিগণ পদায়িত প্রতিষ্ঠানে নিয়মিত ক্লাস এবং স্কুল/মাদ্রাসা দিবসে বা বন্ধের দিনে অতিরিক্ত ক্লাস গ্রহণ করবেন। প্রকল্প এসিটিগণের কর্মকালীন সময়ের বেতন, ভাতা ও পরিতোষক পরিশোধ করবে। উল্লেখ্য যে, যেসকল প্রতিষ্ঠানে ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে শিক্ষকের স্বল্পতা বা চাহিদা রয়েছে কেবল সেসব শিক্ষা প্রতিষ্ঠানেই পূর্ণকালীন এসিটি নিয়োগ/পদায়ন করা হবে। প্রকল্পভুক্ত নির্বাচিত ৬৪ উপজেলার মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এসিটির প্রকৃত চাহিদা উল্লেখ করে আবেদন করতে পারবে।

ইতিমধ্যে শিক্ষক চাহিদা জানিয়ে আবেদন করার জন্য প্রতিষ্ঠানকে উৎসাহিত করতে ও প্রয়োজনীয় নির্দেশনা দিতে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কাছে ২০১৫ ও ২০১৬ সনের নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা ও আবেদন ফরম প্রেরণ করা হয়েছে। ২০১৫ ও ২০১৬ সনের জন্য নির্বাচিত যেসব প্রতিষ্ঠান এখনো চাহিদা প্রেরণ করেনি তাদেরকে আগামী ২০ নভেম্বর ২০১৪ তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে ডাকযোগে সরাসরি অথবা seqaep@bdcom.net-এ প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে অতিরিক্ত ক্লাস শিক্ষকের চাহিদা প্রকল্পে প্রেরণের জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা দিতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, সেকায়েপ কর্তৃক অতিরিক্ত ক্লাস টিচার নিয়োগ/পদায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাটার্নভুক্ত নিয়মিত শিক্ষক নিয়োগে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না।

প্রকল্প পরিচালক

সেকায়েপ

ফোন: ৯৫৫৫১৩৪।